একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২২-০১

তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩শিক্ষাবর্ষের ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন- মেরিন ইঞ্জিনিয়ারিং,ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ০২ (দুই) বছর মেয়াদি এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি), এইচ.এস.সি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমে ১৩ ডিসেম্বর, ২০২২খ্রি. তারিখ হতে ভর্তি কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে বর্ণিত ওয়েব সাইট www.bteb.gov.bd ও www.btebadmission.gov.bd সহ সংশ্লিষ্ট সকল অধিদপ্তর/প্রতিষ্ঠানের ওয়েবসাইটে বিস্তারিত পাওয়া যাবে। ওয়েবসাইটের পাশাপাশি ভর্তি বিষয়ক সর্বশেষ বিজ্ঞপ্তি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ফেসবুক পেজ (www.facebook.com/bteb.admin/)এ পাওয়া যাবে।

সংযুক্তি:

০১। ভর্তি কার্যক্রমের সময়সূচী;
০২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা-২০২২ ।

১১/১২/২২

**(প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২২-০১(০৬)

তারিখ: ১১/১২/২০২২খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক,কারিগরি শিক্ষা অধিদপ্তর/কৃষি অধিদপ্তর/প্রাণি সম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/বন অধিদপ্তর/বিএমইটি,ঢাকা। (বহুল প্রচার ও শিক্ষার্থীদের সুবিধার্থে বিজ্ঞপ্তিটি ও ভর্তির লিংক সংশ্লিষ্ট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। উপ সচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
৪। অধ্যক্ষ/পরিচালক/সভাপতি (সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা ও এইচএসসি/সমমান পর্যায়ের প্রতিষ্ঠান)।
৫। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৬। নথি।

১২-১২-২২

**(প্রকৌ. মো: ফারুক রেজা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (দা: ভোক)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

G:\Faruk Reza\Letter_Institute.doc

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.bteb.gov.bd

## ভর্তি বিজ্ঞপ্তি (সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য)

ক) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন কৃষি/ ডিপ্লোমা ইন ফিসারিজ/ ডিপ্লোমা ইন ফরেস্ট্রি/ ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের ভর্তি সংক্রান্ত তথ্য:

| অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে) | মাইগ্রেশনের তারিখ | ফলাফল প্রকাশের তারিখ (SMS- এর মাধ্যমে ও ওয়েবসাইটে) | অন-লাইনে ভর্তি নিশ্চায়নের তারিখ | মন্তব্য | প্রতিষ্ঠানে স্ব-শরীরে ভর্তির সময়সূচি |
|---|---|---|---|---|---|
| ১৩/১২/২০২২ হতে ২৭/১২/২০২২ (রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত) (১ম পর্যায়ের আবেদন) | --- | ০১/০১/২০২৩ (১ম পর্যায়ে আবেদনের ফলাফল প্রকাশ) | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ০২/০১/২০২৩ হতে ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এ আবেদনের আওতায় ভর্তি হতে চাইলে শিক্ষার্থীকে আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় ১ম পর্যায়ের Selection ও আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে এসকল শিক্ষার্থী চাইলে বোর্ড নির্ধারিত তারিখে পুনরায় ফিসহ আবেদন করতে পারবে। | নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন ডিফল্টভাবে খোলা থাকবে এবং পছন্দক্রম অনুযায়ী আসন খালি থাকা সাপেক্ষে উপরের ক্রমিক নম্বরে যাওয়ার সুযোগ থাকবে। এক্ষেত্রে যতবার অপেক্ষমান তালিকা হতে ফল প্রকাশ করা হবে, তার পূর্বে ততবার অটোমাইগ্রেশনের ফল প্রকাশ করা হবে। অটোমাইগ্রেশন খোলা থাকলে সর্বশেষ যে টেকনোলজি-প্রতিষ্ঠানে অটোমাইগ্রেশন হবে সেখানেই ভর্তি হতে হবে। তবে শিক্ষার্থী চাইলে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। একবার অটোমাইগ্রেশন বন্ধ করলে পুনরায় চালু করার সুযোগ থাকবে না। | শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদ্য তোলা ছবি (৩ কপি পাসপোর্ট সাইজ) প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ২৬/০১/২০২৩ হতে ০২/০২/২০২৩ তারিখের মধ্যে প্রাতিষ্ঠানিক ভর্তি সম্পন্ন করতে হবে। এ সময়ের মধ্যে বর্ণিত ডকুমেন্টসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি না হলে শিক্ষার্থী অনুপস্থিত বলে গণ্য হবে এবং নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। |
| ০৬/০১/২০২৩ হতে ০৭/০১/২০২৩ (রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত) (২য় পর্যায়ের আবেদন) | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ ১১/০১/২০২৩ | ১১/০১/২০২৩ (২য় পর্যায়ে আবেদন ও অপেক্ষমান তালিকা হতে ফল প্রকাশ ) | ২য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ১২/০১/২০২৩ হতে ১৪/০১/২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এ আবেদনের আওতায় ভর্তি হতে চাইলে শিক্ষার্থীকে আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে এসকল শিক্ষার্থী চাইলে বোর্ড নির্ধারিত তারিখে পুনরায় ফিসহ আবেদন করতে পারবে। | | |
| ১৫/০১/২০২৩ হতে ১৬/০১/২০২৩ (রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত) (৩য় পর্যায়ের আবেদন) | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ ২১/০১/২০২৩ | ২১/০১/২০২৩ (৩য় পর্যায়ে আবেদন ও অপেক্ষমান তালিকা হতে ফল প্রকাশ ) | ৩য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের২২/০১/২০২৩ হতে ২৩/০১/২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এ আবেদনের আওতায় ভর্তি হতে চাইলে শিক্ষার্থীকে আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় ৩য় পর্যায়ের Selection বাতিল বলে গণ্য হবে। | | |
| --- | ৩য় মাইগ্রেশন ২৫/০১/২০২৩ | --- | উল্লেখ্য, যেকোনো পর্যায়ের মাইগ্রেশনে নতুন করে নিশ্চায়নের প্রয়োজন নেই । | অটোমাইগ্রেশন চালু থাকলে এবং ৩য় মাইগ্রেশন হলে তদনুসারে ভর্তি হতে হবে। | |

খ) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বেসরকারি প্রতিষ্ঠানে ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন কৃষি/ ডিপ্লোমা ইন ফিসারিজ এবং ০২ বছর মেয়াদি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহে এইচএসসি (বিএমটি )/এইচএসসি (ভোক:)/ডিপ্লোমা ইন কমার্স/সার্টিফিকেট ইন মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমে ভর্তি সংক্রান্ত তথ্য:

| অন-লাইনে আবেদনের সময়সীমা (আবেদন ফর্ম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে) | ফলাফল প্রকাশের তারিখ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে) ও অনলাইনে ভর্তি নিশ্চায়নের তারিখ | প্রতিষ্ঠানে স্ব-শরীরে ভর্তির সময়সূচি |
|---|---|---|
| **১। ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ টেক্সটাইল/ কৃষি/ ফিসারিজ শিক্ষাক্রমের ক্ষেত্রে:** ১৩/১২/২০২২ হতে ০৫/০২/২০২৩ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত)<br>**২। ০২ বছর মেয়াদি এইচএসসি (বিএমটি/ভোক:), ডিপ্লোমা ইন কমার্স ও সার্টিফিকেট ইন মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমের ক্ষেত্রে:** ১৩/১২/২০২২ হতে ৩১/০১/২০২৩ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | শিক্ষার্থীর ভর্তির আবেদনের সাথে সাথেই প্রতিষ্ঠানের আসন শূন্য থাকা সাপেক্ষে এসএমএস এর মাধ্যমে ফলাফল পাবে এবং এসএমএস পাওয়া মাত্রই নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। | ভর্তি নিশ্চায়ন করার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে স্ব-শরীরে উপস্থিত হয়ে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদ্য তোলা ছবি (৩ কপি পাসপোর্ট সাইজ), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ভর্তি সম্পন্ন করতে হবে। অন্যথায় প্রতিষ্ঠান অনুপস্থিত শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন বাতিল করতে পারবে। |

(১) বিস্তারিত বিজ্ঞপ্তি www.btebadmission.gov.bd-ওয়েবসাইটে প্রকাশ করা হবে (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত "বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা-২০২২" অনুসারে ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে (৩) এসএসসি পাসের ফলাফল, পছন্দক্রম, কোটা ও অন্যান্য শর্তের ভিত্তিতে প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে (৪) মেধাক্রম অনুযায়ী ভর্তিকৃত প্রার্থী পছন্দের ক্রমানুসারে প্রতিষ্ঠান/টেকনোলজিভিত্তিক মাইগ্রেশনের সুযোগ পাবে। তবে শিক্ষার্থীরা পছন্দক্রম অনুযায়ী প্রতিষ্ঠান/টেকনোলজিতে ভর্তির সুযোগ পেলে তার মাইগ্রেশন নিজ দায়িত্বে বন্ধ করতে হবে। অন্যথায় অটোমাইগ্রেশন হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড দায়ী থাকবে না (৫) ভর্তির আবেদনের সময় শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, অপারেটরসহ সংশ্লিষ্ট সকলকে সঠিক তথ্য প্রদান নিশ্চিত করতে হবে (৬) যেকোনো তথ্যের জন্য বর্ণিত নম্বরসমূহে সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন যোগাযোগ করা যাবে। মোবাইল: ০১৩২২-৮৩০৩০৮, ০১৩২২-৮৩০৩০৯ (বোর্ড) ও ০১৩০৪৭৩১১৯৯, ০১৩০৪৭০৩৮৭১, ০১৭৯৭৫৫৪৩২ (বুয়েট)। এছাড়া বোর্ডের ইমেইল btebonlineadmission@gmail.com – এর মাধ্যমে তথ্য জানা যাবে।

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।